

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৭৩২

ধর্মনগর, ৮ জুলাই, ২০২৪

**ধর্মনগর মহকুমায় ড. শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের জন্মজয়ন্তী**

ধর্মনগর মহকুমায় গত ৬ জুলাই ভারত কেশরী ড. শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের জন্মজয়ন্তী উদযাপন করা হয়েছে। ধর্মনগরের বিবেকানন্দ সার্থশতবার্ষিকী ভবনে মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে এ উপলক্ষে এক শ্রদ্ধাঞ্জলী অনুষ্ঠানের আয়োজন করা হয়। এদিন সকালে বিবিআই বিদ্যালয় মাঠের সন্নিহিত ড. শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের মূর্তিতে মাল্যদান ও পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধাঞ্জলি পান করেন ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন। সন্ধ্যায় বিবেকানন্দ সার্থশতবার্ষিকী ভবনে আয়োজিত শ্রদ্ধাঞ্জলী অনুষ্ঠানের উদ্বোধন করেন জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের যুগ্ম অধিকর্তা দিলীপ কুমার দেববর্মা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলাভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য সমর চক্রবর্তী, জেলা শিক্ষা আধিকারিক সুখময় নাথ প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক সঞ্জীব কুমার দাস। শ্রদ্ধাঞ্জলী অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয় ও সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেন।

\*\*\*\*\*